গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮,মতিঝিল বা/এ,ঢাকা-১০০০
www.dyd. gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫০.১৪-১৩৫ তারিখঃ ৯/৩/১৭ খ্রিঃ

**বিষয় ঃ আত্মকর্মী হতে উদ্যোক্তা উন্নয়নে প্রনীত খসড়া ঋণ কর্মসুচি নির্দেশিকাতে প্রয়োজনীয় মতামত প্রদানের অনুরোধ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, নভেম্বর, ডিসেম্বর'১৬, জানুয়ারী, ফেব্রুয়ারী'১৭ মাসে যুব উন্নয়ন অধিদপ্তরে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় আত্মকর্মী হতে উদ্যোক্ত উন্নয়নের পরিকল্পনা প্রনয়ন, প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষিতদের উদ্যোক্তায় উপনীত করার লক্ষ্যে ঋণ সহায়তা প্রদানের প্রস্তুতি নিতে অব্যাহতভাবে নির্দেশনা প্রদান করা হয়েছে।

সভাসমুহে প্রদত্ত নির্দেশনার আলোকে বর্ণিত শিরোনামে একটি খসড়া নির্দেশিকা প্রনয়ন করা হয়েছে। প্রনীত নির্দেশিকায় আপনার বাস্তব ও যুক্তিসংগত মতামত (সংযোজন, বিয়োজন এবং উন্নয়ন বিষয়ে) আহবান করা যাচ্ছে। এ বিষয়ে আপনার যে কোন সুচিন্তিত পরামর্শকে সাদরে গ্রহন করা হবে। আপনার পরামর্শ (যদি থাকে) ১৬/০৪/১৭ তারিখের মধ্যে লিখিতভাবে দারিদ্র্য বিমোচন ও ঋণ শাখায় পাঠাতে নির্দেশক্রমে বিনীতভাবে অনুরোধ জানানো হলো।

সংযুক্তঃ খসড়া নির্দেশিকার কপি- ০৬ (ছয়) পৃষ্ঠা

(কে, এম জাহিদ হোসেন)
সহকারী পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
ফোন-৯৫৬৭৭২১।

প্রাপকঃ
১। উপ-পরিচালক/কো-অর্ডিনেটর/অধ্যক্ষ/ডেপুটিকো-অর্ডিনেটর ........................ (সকল জেলা),যুব উন্নয়ন অধিদপ্তর।
২। সহকারী পরিচালক/সিডিও ................................................ (সকল জেলা) যুব উন্নয়ন অধিদপ্তর।
৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ................................................ (সকল) যুব উন্নয়ন অধিদপ্তর।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫০.১৪- ১৩৫ তারিখঃ ৯/৩/১৭ খ্রিঃ
অনুলিপি বিতরণ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। পরিচালক ............................................. (সকল) যুব উন্নয়ন অধিদপ্তর।
২। উপ-পরিচালক ........................................ (সকল) যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। সহকারী পরিচালক .................................. (সকল) যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৫। দপ্তর নথি।

(কে, এম জাহিদ হোসেন)
সহকারী পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
ফোন-৯৫৬৭৭২১।

অনুলিপি বিতরণ
১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

# আত্মকর্মী হতে উদ্যোক্তা উন্নয়নে ঋণ ব্যবহার নির্দেশিকা

## ১.০ ভূমিকা:

যুব উন্নয়ন অধিদপ্তর সূচনালগ্ন হতেই দেশের অনগ্রসর ও পশ্চাদপদ বেকার যুবদেরকে সংগঠিত করে স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ প্রদান করে দক্ষ মানব সম্পদে রূপান্তরের কাজে নিয়োজিত রয়েছে। দেশের মোট জনসংখ্যার মধ্যে কর্মক্ষম যুব জনগোষ্ঠির পরিমান প্রায় ৪.৮০ লক্ষ। বিশাল এই যুব জনগোষ্ঠি দেশ ও জাতির অপরিমেয় প্রানশক্তি। আমাদের দেশ বর্তমানে জনমিতির সুবিধা (demographic dividends) ভোগ করছে যা ২০৪৫ সাল পর্যন্ত অব্যাহত থাকতে পারে বলে জনসংখ্যা বিশারদগন ধারণা প্রদান করেছেন। ইতোমধ্যে বর্তমান সরকারের রূপকল্প ২০২১ এবং ২০৪১ ঘোষিত হয়েছে। তারই আলোকে আমাদের ৭ম পঞ্চবার্ষিকি উন্নয়ন পরিকল্পনা (২০১৬-২০২০) প্রনীত হয়েছে। অন্যদিকে (এসডিজি) বৈশ্বিক টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (২০১৬-২০৩০) ঘোষিত হয়েছে। যুব উন্নয়ন অধিদপ্তরের বিদ্যমান সকল কর্মসূচি রূপকল্প ২০২১ ও ২০৪১ এবং এসডিজির লক্ষ্য অর্জনে প্রত্যক্ষ্য অবদান রেখে চলেছে। দেশের ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ১৯২৫১৫০ জন যুবকে বিভিন্ন ধরণের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মানবসম্পদে রূপান্তর এবং ৫৯৬০০০ জনকে আত্মকর্মসংস্থানে নিয়োজিতকরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে। অন্যদিকে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার এক, দুই, তিন, চার, পাঁচ, আট এবং ষোল নং লক্ষ্যমাত্রা (অর্থাৎ দারিদ্রবিমোচন, ক্ষুধামুক্তি, সুস্বাস্থ্য, মানসম্মত শিক্ষা, লিঙ্গসমতা অর্জন, কর্মসংস্থান ও অর্থনীতি এবং শান্তিপূর্ণ ও অন্তর্ভূক্তিমূলক সমাজ তৈরি) অর্জনে যুব উন্নয়ন অধিদপ্তর সরাসরি এবং অণ্যান্য লক্ষ্য অর্জনে পরোক্ষভাবে সমর্থন যোগাচ্ছে। শুরু হতে ডিসেম্বর/১৬ পর্যন্ত যুব উন্নয়ন অধিদপ্তর সারাদেশে স্বল্প ও দীর্ঘমেয়াদে মোট ৪৮৪৭৪১২ জনকে প্রশিক্ষণ প্রদান করেছে এবং এ প্রক্রিয়া অব্যাহত রয়েছে। প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে মোট ........... জন যুব আত্মকর্মসংস্থানে নিয়োজিত হয়েছে। অধিদপ্তরের বিদ্যমান ঋণ কর্মসূচির মাধ্যমে প্রশিক্ষিত যুবদের নতুন আত্মকর্মসংস্থানের লক্ষ্যে প্রাথমিক পুজি (startup capital) সরবরাহ করা হচ্ছে। আত্মকর্মসংস্থানে নিয়োজিত হতে সহায়তার লক্ষ্যে অধিদপ্তরের নিজস্ব ঋণ কর্মসূচির মাধ্যমে জুন ২০১৬ পর্যন্ত ৮৫৩৭৮৯ জন যুবকে ১৪৫৯১৪.২০ লক্ষ টাকা ঋণ সুবিধা প্রদান করা হয়েছে।

## ২.০ লক্ষ্য:

আলোচ্য উদ্যোগটি বর্তমান সরকারের ভিশন ২০২১, ২০৪১ এবং এসডিজির লক্ষ্য অর্জনকে অধিকতর সমর্থন যোগানোর একটি বিশেষ উদ্যোগ। এ উদ্যোগের মাধ্যমে অধিদপ্তর কর্তৃক প্রশিক্ষণ প্রাপ্ত যে সকল যুবক ও যুবনারী ইতোমধ্যে আত্মকর্মসংস্থান সৃজনে দৃশ্যমান সাফল্য অর্জন করেছে তাদের মধ্য হতে অধিক সম্ভাবনাময়ীদের বাছাই করে উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করে উদ্যোক্তায় পরিণত করার লক্ষ্যে সীমিত সংখ্যক যুবদের ঋণ সুবিধা প্রদান করার পরিকল্পনা নেয়া হয়েছে। এ পরিকল্পনা বাস্তবায়িত হলে বেসরকারীভাবে যুবদের কর্মসংস্থানের সুযোগ তৈরি সহ বিভিন্ন সেক্টরে উৎপাদন বৃদ্ধি পাবে। ফলে বর্ণিত লক্ষ্যমাত্রাসমুহ অর্জনে উল্লেখযোগ্য সাফল্য পাওয়া যাবে। প্রাথমিকভাবে ৮ বিভাগীয় জেলায় রাজস্ব কার্যক্রমের আওতায় এ কার্যক্রম সীমিত আকারে পরীক্ষামুলকভাবে পরিচালিত হবে। এর সফলতার ভিত্তিতে প্রকল্প প্রনয়নের মাধ্যমে এ কার্যক্রম সম্প্রসারণের উদ্যোগ নেয়া হবে।

**৩.০ উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণঃ**

৩.১ প্রশিক্ষণার্থী বাছাইয়ের নিয়ামক :

ক. অধিদপ্তর কর্তৃক স্বল্প/দীর্ঘমেয়াদী দক্ষতাবৃদ্ধিমুলক প্রশিক্ষণ প্রাপ্ত যুবক/যুবনারী যিনি

খ. ঋণ গ্রহণ নির্বিশেষে প্রশিক্ষণ প্রাপ্ত বিষয়ে আত্মকর্মসংস্থানমুলক প্রকল্প সৃজনে দৃশ্যমান সফলতা লাভ করেছে। (প্রশিক্ষণ প্রাপ্ত বিষয়ের পাশাপাশি সম্পর্কিত অন্য কোন প্রকল্পকেও বিবেচনায় নেয়া যাবে)।

গ. সৃজিত আত্মকর্মপ্রকল্পটির বয়স ন্যুনপক্ষে ৪ বছর অতিক্রান্ত এবং পরিদর্শনকালীন প্রকল্পটি পূর্বমাত্রায় উৎপাদনে থাকবে এবং লাভজনকভাবে পরিচালিত(অর্থাৎ টেকসই হয়েছে)হওয়ার স্বাক্ষর পাওয়া যাবে।

ঘ. প্রকল্পের মাসিক নীট আয় ন্যুনতম ১০০০০/- (প্রমানক থাকতে হবে)।

ঙ. প্রকল্পে ন্যুনতম ২জন পরোক্ষ কর্মী থাকবে ( পরিবারের সদস্য বহির্ভূত) প্রমানক থাকতে হবে।

চ. কোন প্রতিষ্ঠানে ঋণী/ঋণ খেলাপী নাই।

ছ. ঋণের কিস্তি, সার্ভিসচার্জ ও সঞ্চয় প্রদানের লক্ষ্যে উদ্যোক্তার ব্যাংক হিসাব থাকবে এবং ব্যাংক হিসাবের ৩৬টি অগ্রিম চেক প্রদান করতে হবে।

জ. প্রশিক্ষনার্থীর বয়স .................. বছর

**৩.২ প্রশিক্ষনোত্তর উদ্যোক্তার অবয়বঃ**

উদ্যোক্তার একটি সার্বজনীনরূপ রয়েছে, তারই আলোকে অধিদপ্তর নিম্ন বৈশিষ্টধারী যুবদেরকে উদ্যোক্তা হিসাবে স্বীকৃতি প্রদান করবে;

ক. অধিদপ্তরের উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রশিক্ষণ প্রাপ্ত যুব যিনি

খ. প্রকল্প মেয়াদে পূর্বের আত্মকর্ম প্রকল্পটিকে প্রাতিষ্ঠানিক কাঠামোতে রূপ দিতে হবে (ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন ও স্থায়ী ঠিকানা, প্রতিষ্ঠানের সাইনবোর্ড, স্থায়ী জনবল নিয়োগ, একাউন্টস কিপিং ও ব্যালান্সসীট প্রস্তুত ইত্যাদি)

গ. প্রতিষ্ঠানে ন্যুনপক্ষে ৪জন নিয়মিত কর্মী থাকবে

ঘ. একাধিক মৌসুমি/খন্ডকালীন কর্মী থাকবে

ঙ. প্রতিষ্ঠানের নীট আয় মাসিক ন্যুনপক্ষে ২৫০০০/- হবে

চ. উদ্যোক্তার বয়স .......... বছর হতে হবে।

**৪.০ উদ্যোক্তা ঋণঃ**

উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষন প্রাপ্তগণের মধ্য হতে বাছাইকৃত উপর্যুক্ত যোগ্যতা অর্জনে সহায়তার লক্ষ্যে অধিদপ্তর হতে সীমিত আকারে পুঁজি সরবরাহ/ঋণ প্রদানের ব্যবস্থা নেয়া হবে, যাকে উদ্যোক্ত ঋণ হিসাবে আখ্যায়িত করা হবে।

**৪.১ ঋণের পরিমানঃ**

ক. পরিমান- ৩.৫০ লক্ষ টাকা (২টি সমান কিস্তিতে ১ম কিস্তির ৬মাস পর ২য় কিস্তি) খ. গ্রেসপিরিয়ড- শুন্য গ. ঋণ পরিশোধের কিস্তির ধরণ – মাসিক ঘ. সার্ভিসচার্জ- ১০% (ক্রমহ্রাসমান) হারে ঙ. প্রকল্পের মেয়াদ ঋণের পরিমাণ ভেদে ৩৬-৪৮ মাস (২.৫ লক্ষ=৩৬, ৩.০ লক্ষ=৪২ এবং ৩.৫০ লক্ষ=৪৮ কিস্তি)

**৪.২ উদ্যোক্তা ঋণ প্রাপ্তির শর্তাবলীঃ**

ক. যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক দক্ষতাবৃদ্ধিমুলক প্রশিক্ষণ প্রাপ্ত ও প্রতিষ্ঠিত আত্মকর্মী যার মাসিক নীট আয় নুন্যপক্ষে মাসিক ১০০০০/- টাকা।

খ. যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণপ্রাপ্ত যুব ;

গ. প্রাথমিকভাবে সম্প্রসারণযোগ্য প্রকল্পে বিনিয়োগের পরিমাণ হবে পাঁচ লক্ষ টাকা;

ঘ. বিনিয়োগের অনুপাত হবে যুব উন্নয়ন ৭০% এবং উদ্যোক্তা ৩০% অর্থাৎ (৭:৩) অনুপাত। ইক্যুইটির ৩০% অর্থ ঋণ প্রাপ্তির পূর্বেই বিনিয়োগ করার আগ্রহ (সামর্থ) থাকতে হবে উপকরণ, সরঞ্জাম ও কাঁচামাল বাবদ (জমি ও অবকাঠামো বাদে);

ঙ. উদ্যোক্তার প্রকল্পের তদারকি ও ঋণ পরিশোধের নিশ্চয়তা প্রদানকল্পে দুইজন চাকরীজিবী নিশ্চয়তাকারী অথবা স্থাবর সম্পত্তি (ঋণের দ্বিগুন পরিমান মুল্য মানের) মর্টগেজ প্রদানে সামর্থবান ব্যক্তি (আত্মীয়তার অধ:ক্রমে যে কেউ হতে পারেন)।

চ. ঋণের কিস্তি পরিশোধের লক্ষ্যে ৩৬-৪৮টি অগ্রিম স্বাক্ষরিত চেক প্রদানে সামর্থবান;

ছ. ব্যক্তিগত সঞ্চয়/মার্জিন বাবদ ৫% অর্থ ঋণের চেক গ্রহণের পূর্বে নগদে জমা প্রদানে সামর্থবান (জেলার ঋণ সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে);

জ. ঋণের কিস্তির সাথে মাসিক ৫০০/- সঞ্চয় জমা প্রদানে আগ্রহী।

**৪.৩ উদ্যোক্তা ঋণের প্রস্তাবকারী :** পাইলভূক্ত জেলার আওতাধীন উপজেলা যুব উন্নয়ন অফিস কর্তৃক বর্ণিত শর্তাবলীর আলোকে-

ক. নির্ধারিত ফরমে আবেদন গ্রহন/প্রাপ্তিতে;

খ. নির্ধারিত ফরমে সিএস এর পরিদর্শন প্রতিবেদন;

গ. নির্ধারিত ফরমে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার পরিদর্শন প্রতিবেদন;

ঘ. নিশ্চয়তাকারীগণের (প্রযোজ্য ক্ষেত্রে) নির্ধারিত ফরমে /সাদা কাগজে প্রাথমিক সম্মতি (যা পরবর্তীতে স্ট্যাম্পে স্বাক্ষর হবে) দুই জনের জন্য আলাদাভাবে অথবা

ঙ. বন্ধকীযোগ্য (মর্টগেজ) সম্পত্তির বিবরণ (কপি সংযুক্ত হতে হবে) যা ঋণ অনুমোদনের পর মর্টগেজ দলিল সম্পাদন স্বাপেক্ষ চেক বিতরণ হবে;

চ. প্রশিক্ষণের মুল সনদ (দক্ষতা+উদ্যোক্তা) ঋণগ্রহনকারী হলে ঋণ পরিশোধের প্রমানক হিসাবে মুল পাশবই (সংযুক্ত);

ছ. জাতীয় পরিচয় পত্রের কপি;

জ. নিশ্চয়তাকারীগণের জাতীয় পরিচয় পত্রের কপি;

ঝ. বিস্তারিত প্রকল্প প্রস্তাব (সুস্পষ্ট ও সুনির্ধারিত)।

**৪.৪ জেলা ঋণ মঞ্জুরী ও তদারকি কমিটি :** আত্মকর্ম ঋণ অনুমোদনের জন্য বিদ্যমান জেলা ঋণ কমিটি এ ঋণ অনুমোদনের দায়িত্ব পালন করবে। কমিটি প্রতি চার মাসে ন্যূনপক্ষে ১টি সভা আয়োজন করবে, সভার পূর্বে প্রাপ্ত আবেদনের তথ্য যাচাইকল্পে;

ক. জেলা ঋণ কমিটির পক্ষে ন্যুনপক্ষে দুইজন সদস্যের সরেজমিনে (একজন দপ্তর বহির্ভূত)/প্রস্তাবিত প্রকল্প পরিদর্শন ও মুল্যায়ন যা লিখিত প্রতিবেদন আকারে সভায় উপস্থাপন/নথিভুক্তি হবে;

খ. ঋণ প্রস্তাবের বর্ণিত ইক্যুইটি ৩০% বিনিয়োগ পরিকল্পনার যথার্থতা পরিদর্শনকারী কর্তৃক যাচিত হতে হবে;

গ. ইক্যুইটির ৩০% অর্থাৎ যথাযথভাবে (অনুমোদনের সর্বোচ্চ ২ মাসের মধ্যে) বিনিয়োগ হওয়ার শর্তে জেলা ঋণ কমিটি কর্তৃক মঞ্জুরীকৃত ঋণের অর্ধেক পরিমাণ অর্থ বিতরণ অনুমোদন করবেন;

ঘ. প্রথম চেক বিতরণের ৬ মাসের মধ্যে বিতরণকৃত অর্থ যথাযথ বিনিয়োগ ও উৎপাদন অব্যাহত এবং ৬ মাসের কিস্তি পরিশোধের অবস্থা পর্যবেক্ষন করে অনুচ্ছেদ ৪.৫ (গ) তে পদ্ধতি অনুসরণ দ্বিতীয় কিস্তির অর্থ বিতরণ অনুমোদন করবে;

ঙ. ইক্যুইটির অর্থ সন্তোষজনকভাবে ব্যবহার হয়েছে মর্মে সিএস এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার লিখিত রিপোর্ট প্রাপ্তি স্বাপেক্ষে এবং তা সংশ্লিষ্ট নথিতে পেশপূর্বক মঞ্জুরীকৃত ঋণের অর্ধেক অর্থ ১ম চেক উদ্যোক্তার হিসাবে স্থানান্তর/ক্রসচেক প্রদান করা হবে (অনধিক দুই মাসের মধ্যে)।

**৪.৫ ঋণ বিতরণ:** কর্মসূচিভুক্ত জেলার উপ-পরিচালক বরাবরে প্রদত্ত তহবিল নিম্নপদ্ধতি অনুসরণে ব্যবহৃত হবে।

ক. ঋণ মঞ্জুরী কমিটি কর্তৃক ঋণ অনুমোদন হলে তা ঋণীকে অবহিত করা হবে যেন তিনি পরবর্তী দুই মাসের মধ্যে পরিকল্পনা মাফিক ইক্যুইটির ৩০% অর্থ ব্যবহার করে প্রকল্পকে এগিয়ে নিয়ে যায়। এ শর্তে যথাযথ ভাবে প্রতিপালন স্বাপেক্ষে তার নামে মঞ্জুরীকৃত ঋণের অর্ধেক পরিমান বিতরণ করা হবে;

খ. ঋণ মঞ্জুরী কমিটির অনুমোদন মাফিক উদ্যোক্তার নামে মঞ্জুরীকৃত ঋণ ব্যাংক স্থানান্তরের মাধ্যমে অথবা ক্রস চেকের মাধ্যমে সমান দুই কিস্তিতে বিতরণ;

গ. প্রথম কিস্তিতে প্রদত্ত চেকের অর্থ যথাযথভাবে (প্রকল্প প্রস্তাব মাফিক বিনিয়োগ হয়েছে এবং উৎপাদন অব্যাহত রয়েছে) ব্যবহার হয়েছে মর্মে ৬ষ্ঠ মাসে মাঝামাঝি স্ব-স্ব উপজেলা যুব উন্নয়ন অফিস নির্ধারিত ফরমে উপপরিচালক বরাবরে প্রতিবেদন পাঠাবেন। প্রাপ্ত প্রতিবেদনের তথ্য উপপরিচালক সরেজমিনে যাচাই করে যথার্থতা নিরূপন স্বাপেক্ষ ঋণের ২য় কিস্তির চেক প্রদান অথবা ব্যাংক হিসাবে ঋণের অর্থ স্থানান্তরিত হবে। বর্ণিত উপজেলা ও জেলার প্রতিবেদন সংশ্লিষ্ট ঋণ নথিতে যথাযথ সংরক্ষণ করতে হবে।

**৪.৬ ঋণ ও সঞ্চয় আদায়:**

ক. মঞ্জুরীকৃত ঋণের চেক বিতরণের পূর্বে ৩৬টি পোষ্টপেইড (কিস্তি +সার্ভিস চার্জ + সঞ্চয়) চেক জমা দিতে হবে,যা কিস্তি আদায় তারিখের পূর্বদিন জেলার সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা করে কিস্তি ও সার্ভিসচার্জ আদায় করা হবে;

খ. মঞ্জুরীকৃত ঋণের ৫% পূর্বেই সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে নগদ জমা প্রদান করতে হবে (ফেরতযোগ্য);

গ. ৫% জমাকৃত অর্থের জন্য সার্ভিসচার্জ আদায় এবং পরিশোধের সময়ও কোন সুদ প্রদান করা হবেনা;

ঘ. ঋণের কিস্তি ও সার্ভিসচার্জের সাথে প্রতি মাসে ৫০০/- (মাসিক) সঞ্চয় জমা প্রদান করতে হবে(ফেরতযোগ্য)।

**৪.৭ উদ্যোক্তা ঋণের উৎস:** অধিদপ্তরের বিদ্যমান রাজস্ব কার্যক্রম হতে ৮টি বিভাগীয় জেলায় উপ-পরিচালকের অনুকুলে তহবিল বরাদ্দ করা হবে। বরাদ্দকৃত তহবিল হতে জেলা ঋণ কমিটির অনুমোদন ও প্রাসংগিক কার্যাদি শেষে মঞ্জুরীকৃত ঋণের সমপরিমান অর্থ হতে প্রথম পর্যায়ে অর্ধেক এবং দ্বিতীয় পর্যায়ে বাকী উদ্যোক্তার হিসাবে স্থানান্তর/ক্রসচেকে প্রদান করা হবে।

**৪.৮ ঋণ তহবিল রক্ষণাবেক্ষন:**

ক. উপ-পরিচালক বরাবরে বরাদ্দকৃত তহবিল উপ-পরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর উদ্যোক্তা উন্নয়ন তহবিল শিরোনামে এস.টিডি হিসাবে জমা হবে;

খ. একই শিরোনামে ঋণ বিতরণ এবং আদায় তহবিল নামে আরও ২টি (চলতি ও সঞ্চয়ী) হিসাব পরিচালিত হবে। সঞ্চয়ী হিসাবে ঋণের কিস্তি বাবদ আদায়কৃত অর্থ জমা হবে এবং চলতি হিসাবের মাধ্যমে স্থানান্তর/চেকের মাধ্যমে বিতরণ করা হবে।

**৪.৯ হিসাব পরিচালনা:**

ক. সাধারণভাবে হিসাবগুলো উপপরিচালক ও সহকারী পরিচালকের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। সহকারী পরিচালকের অনুপস্থিতিতে উচ্চমান সহকারী/অফিস সহকারী যৌথ স্বাক্ষরকারী হবেন;

খ. মোট ৩টি হিসাবের মাধ্যমে এ কার্যক্রম পরিচালিত হবে। যেহেতু বিতরণের লক্ষ্যে আভ্যন্তরীন স্থানান্তর প্রয়োজন হবে সেহেতু দপ্তরের এসটিডি অথবা ঋণ আদায় তহবিল হতে বিতরণের জন্য স্থানান্তরযোগ্য অর্থের নির্দেশপত্রে ও (এ্যডভাইসে) ক্রসচেকে উপ-পরিচালক ও সহকারী পরিচালক/ উচ্চমান সহকারী অথবা অফিস সহকারী যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যাংকের ব্যবস্থাপক বরাবরে প্রধান কার্যালয় হতে নির্দেশনা প্রদান করা হবে।

**৪.১০ রেকর্ডকিপিং :** সাবসিডিয়ারি লেজারের মাধ্যমে সঞ্চয়ী হিসাবে জমাকৃত মোট অর্থের (৫% +আসল +১০% এর ৬০% + অবশিষ্ট এর ৪০%) বিভাজন মাস, বছর ও ক্রমপুঞ্জিত আকারে সংরক্ষন করতে হবে। হিসাবের যৌথ স্বাক্ষরকারীগণের জুনিয়র মাসভিত্তিতে এ তথ্য হালনাগদ করবেন এবং উপ-পরিচালক যাচাই করে স্বাক্ষর করবেন।

**৫.০ ব্যাংক স্টেটমেন্ট:** প্রতি মাসে তিনটি হিসাবের ব্যাংক স্টেটমেন্ট সংগ্রহ করে হিসাবে স্থিতির সাথে সাবসিডয়ারী লেজারে হিসাবের স্থিতি মিলাতে হবে (Reconcile) করতে হবে। ব্যাংক স্থিতি পত্রের তথ্যের সঠিকতা নিরূপনকল্পে হিসাবের যৌথ স্বাক্ষরকারীদ্বয় বাধ্যতামুলকভাবে স্বশরীরে ব্যাংকে উপস্থিত হয়ে যাচাই করবেন যে ব্যাংক স্থিতি পত্রে প্রদত্ত তথ্য যথাযথ রয়েছে। এর ব্যতয়ে হিসাবে যে কোন পরিমাণ অর্থের গড়মিলের দায়দায়িত্ব যৌথ স্বাক্ষরকারীদের ব্যক্তিগত দায় হিসাবে গন্য হবে।

**৫.১ ঋণ ও প্রকল্প তদারকি:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সিএস প্রাথমিকভাবে ঋণ আদায় ও প্রকল্প তদারকির দায়িত্বে নিয়োজিত থাকবেন। জেলার উপপরিচালক ও সহকারী পরিচালক দ্বিতীয় পর্যায়ের তদারকি কর্মকর্তা সংশ্লিষ্টগণের তদারকির মুল লক্ষ্য হবে যথাযথ প্রকল্প বাস্তবায়ন এবং প্রকল্প

বাস্তবায়নের মাধ্যমে অনুচ্ছেদ ২.২ তে বর্ণিত বৈশিষ্ট অর্জনে সক্ষমতা লাভে উদ্যোক্তাকে সহায়তা প্রদান। প্রতি মাসে সিএস এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার ন্যূনতম একবার সরেজমিনে প্রকল্প পরিদর্শন বাধ্যতামূলক। উপ-পরিচালক প্রতি ২ মাসে বাধ্যতামুলকভাবে একবার প্রকল্প পরিদর্শন করবেন এবং সংযুক্ত ছকে রেকর্ড সংরক্ষন করবেন।

**৬.০ খেলাপী আদায়ঃ** পর পর তিন মাসের কিস্তির চেক প্রত্যাখানের প্রেক্ষিতে সংশ্লিষ্টের বিরুদ্ধে টাকা আদায়ের লক্ষ্যে এন.আই.এক্ট এর অধীন মামলা দায়ের করা যাবে।

**৭.০ ঋণ মওকুফঃ** বিদ্যমান ক্ষুদ্রঋণ কার্যনির্দেশিকার আত্মকর্ম অংশের অনুচ্ছেদ ১৭-তে বর্ণিত বিধান মাফিক।

**৮.০ সার্ভিসচার্জ মওকুফঃ** বিদ্যমান ক্ষুদ্রঋণ কার্যনির্দেশিকার আত্মকর্ম অংশের অনুচ্ছেদ ১৮-তে বর্ণিত বিধান মাফিক।

**৯.০ রিপোর্টিং:** প্রচলিত ঋণ কার্যক্রমের আদলে নিশ্চিতভাবে মাসিক রিপোর্ট (জেলা কর্তৃক প্রস্তুতকৃত) পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে দা:বি:ওঋণ শাখায় পাঠাতে হবে। রিপোর্ট প্রাথমিকভাবে বিদ্যমান আত্মকর্ম ঋণ কর্মসূচির রিপোর্ট ফরমে প্রদান করা যাবে।